গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: জনতা ব্যাংক লিমিটেড

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | e-CIB Inquiry System | জনতা ব্যাংক লিমিটেড এ বর্তমানে সিআইবি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অত্র ব্যাংকের সিআইবি ডিপার্টমেন্ট কর্তৃক পরিচালিত হয়ে আসছে। এক্ষেত্রে উক্ত ডিপার্টমেন্টে স্থাপিত একটি সার্ভারের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের সাথে অনলাইন কানেক্টিভিটি রক্ষা করা হয়। শাখা সমূহ কোন গ্রাহকের সিআইবি রিপোর্ট নিতে চাইলে যথারীতি সিআইবি ইনকোয়ারী ফরম হাতে কলমে পূরণ করে চাহিদাপত্র প্রেরণ করলে সিআইবি ডিপার্টমেন্টে নিয়োজিত সার্চিং অফিসারগণ (বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পাসওয়ার্ডধারী) সার্চ করার মাধ্যমে প্রাপ্ত সিআইবি রিপোর্ট প্রিন্ট করে সিআইবি ইনকোয়ারী (CIB Inquiry) কার্যক্রম সম্পন্ন করে থাকে।<br>উক্ত সিআইবি ইনকোয়ারী কার্যক্রম সহজিকরণ ও ডিজিটালাইজড করার লক্ষ্যে "e-CIB Inquiry System" উন্নয়ন করা হয় যা ব্যাংকের ব্যয় হ্রাস পাবার সাথে সাথে সিআইবি রিপোর্ট অনেক কম সময় (২৪ ঘণ্টায়) শাখায় বসেই পাওয়া যাচ্ছে। ফলস্বরূপ ঋণ গ্রহীতার ঋণ পাবার কালক্ষেপণ যেমন একদিকে কমিয়ে আনা যাচ্ছে পাশাপাশি ব্যাংকের পক্ষথেকে দ্রুত ঋণ প্রদানের মাধ্যমে কাঙ্ক্ষিত মুনাফা বৃদ্ধি পেয়েছে। একই সাথে সংশ্লিষ্ট সেবা থেকে প্রাপ্ত সার্ভিস চার্জ এর মাধ্যমে ব্যাংকের নন-ইন্টারেস্ট ইনকাম বৃদ্ধি পেয়েছে। | কার্যকর রয়েছে | ফলাফল বিদ্যমান | https://jbone.janatabank-bd.com/ | |

27.09.2022
Md. Anamul Haque
Senior Officer IT (ANE)
Research, Planning & Statistics Department
Janata Bank Limited
Head Office, Dhaka.

27.09.2022
SIMA DAS
Assistant General Manager

27.09.2022
Md. Nurul Islam Mozumder
General Manager
ICT Division
Janata Bank Limited
Head Office, Dhaka

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২. | JB Web Based Passport Endorsement System | বর্তমানে প্রচলিত সিস্টেমে প্রতিটি পাসপোর্ট এন্ডোর্সমেন্ট এর দৈনিক তথ্য আলাদা আলাদাভাবে বাংলাদেশ ব্যাংকের "Online TM Form Monitoring System" এ TM Form পূরণ পূর্বক পোস্টিং প্রদান করতে হয়। এইক্ষেত্রে পাসপোর্টের সংখ্যা বেশি হলে দীর্ঘ সময় প্রয়োজন হয় এবং বিভিন্ন ধরনের ভুলভ্রান্তি হয়।<br>আলোচ্য উদ্ভাবনী ধারণার মাধ্যমে অত্র ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক প্রদত্ত TM_XML_Developer_Guide অনুসরণ করে একটি সহজ ওয়েব বেজড সফটওয়্যার উন্নয়ন করা হয়েছে। ফলে সফটওয়্যারটি থেকে Auto Generated XML. format Data বাংলাদেশ ব্যাংকের "Online TM Form Monitoring System" এ কম সময়ে অধিক তথ্য আপলোড করা যায় এবং বিভিন্ন ধরনের ভুলভ্রান্তির সংখ্যা কমে আসছে। | কার্যকর রয়েছে | ফলাফল বিদ্যমান | https://jbsolutions.jb.com.bd/jbpe/jbpehome.php | |
| ০৩. | e-Clearance | জনতা ব্যাংক লিমিটেডের ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট কর্তৃক অত্র প্রতিষ্ঠানের কর্মচারীগণের অবসর পরবর্তী দেনা-পাওনা নিষ্পত্তি করা হয়ে থাকে। এ কাজটি করতে গিয়ে অবসরগমনকারী সংশ্লিষ্ট কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ/অডিট আপত্তি অনিষ্পন্ন আছে কি-না, সে সম্পর্কে ডিসিপ্লিনারী,'ল, অডিট এবং কমপ্লায়েন্স সংশ্লিষ্ট ৯(নয়)টি ডিপার্টমেন্ট থেকে অবসরোত্তর ছুটিতে গমনের প্রাক্কালে ১(এক)বার এবং চূড়ান্ত দেনা-পাওনা নিষ্পত্তির পূর্বে আরও ১(এক)বার ছাড়পত্র সংগ্রহ করতে হয়। ২০১৯ থেকে ২০২৩ পর্যন্ত অবসরগমনকারী কর্মচারীগণের তথ্য পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, প্রতি বছর গড়ে ৭৫০জন কর্মচারী অবসরোত্তর ছুটিতে গমন করেছেন/করবেন। বিদ্যমান পদ্ধতিতে নথি প্রেরণ করে ছাড়পত্র সংগ্রহ করা জটিল ও সময়সাপেক্ষ।<br>আলোচ্য উদ্ভাবনী ধারণার মাধ্যমে অবসরোত্তর ছুটিতে গমনকারী কর্মচারীগণের অবসরোত্তর ছুটি, ছুটি নগদায়ন এবং চূড়ান্ত দেনা-পাওনা নিষ্পত্তি যথাসময়ে করা সম্ভব হচ্ছে। | কার্যকর রয়েছে | ফলাফল বিদ্যমান | https://pmis.janatabank-bd.com/ | |

27.09.2022
M. Anamul Haque
Senior Officer IT (ANE)
Rsch, Planning & Statistics Department
Janata Bank Limited
Head Office, Dhaka.

27.09.2022
SIMA DAS
Assistant General Manager

27.09.2022
Md. Nurul Islam Mozumder
General Manager
ICT Division
Janata Bank Limited
Head Office, Dhaka